

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০২

১০. কিতাবুল জানাইয এবং জানায়ার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (কিতাবُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مُؤَخِّرًا)

পরিচ্ছেদঃ মুমিন ব্যক্তি ও কাফির ব্যক্তির রূহ কবজের সময় কী আচরণ করা হয় তার বিবরণ

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُعْمَلُ بِرُوحِ الْمُؤْمِنِ وَالْكَافِرِ إِذَا قُبِضَ

আরবী

3002 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا هُدَيْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى عَنْ قَتَادَةَ عَنْ أَبِي الْجَوْزَاءِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْمُؤْمِنَ إِذَا حَضَرَهُ الْمَوْتُ حَضَرَتْهُ مَلَائِكَةُ الرَّحْمَةِ فَإِذَا قُبِضَتْ نَفْسُهُ جُعِلَتْ فِي حَرِيرَةٍ بَيْضَاءً فَيُنْطَلِقُ بِهَا إِلَى بَابِ السَّمَاءِ فَيَقُولُونَ: مَا وَجَدْنَا رِيحًا أَطْيَبَ مِنْ هَذِهِ فَيُقَالُ: دَعْوَهُ يَسْتَرِيحُ فَإِنَّهُ كَانَ فِي غَمٍ فَيُسَأَلُ مَا فَعَلَ فُلَانٌ؟ مَا فَعَلَ فُلَانٌ؟ مَا فَعَلَتْ فُلَانَةٌ؟ وَأَمَّا الْكَافِرُ فَإِذَا قُبِضَتْ نَفْسُهُ وَذُهِبَ بِهَا إِلَى بَابِ الْأَرْضِ يَقُولُ خَزَنَةُ الْأَرْضِ: مَا وَجَدْنَا رِيحًا أَنْتَنَ مِنْ هَذِهِ فَتَبْلُغُ بِهَا إِلَى الْأَرْضِ السُّفْلَى)

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3002 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (4)

(187)

قال قتادة: وحدّثني رجل عن سعيد بن المسيب عن عبد الله بن عمرو قال: أرواح المؤمنين تجمع بالجابتين وأرواح الكفار تجمع ببرهوت: سبحانة بحضرموت.

ضعيف.

قال أبو حاتم - رضي الله عنه : هذا الخبر رواه معاذ بن هشام عن أبيه عن قتادة عن قسامه بن زهير عن أبي هريرة نحوه مرفوعاً

الجابتان باليمن وبرهوت من ناحية اليمن .

৩০০২. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘মুমিন ব্যক্তির কাছে যখন মৃত্যু উপনিত হয়, তখন তার কাছে রহমতের ফেরেস্তাগণ আসেন, যখন তার রুহ কবয় করা হয়, তখন তা সাদা রেশমের কাপড়ে রাখা হয়। অতঃপর তাকে আসমানের দরজার দিকে নিয়ে যাওয়া হয়। তখন তারা বলেন, ‘এর চেয়ে অধিক সুস্থান আমরা ইতিপূর্বে পাইনি। তখন বলা হবে, ‘তোমরা তাকে ছেড়ে দাও, তিনি বিশ্রাম নিবেন। কেননা তিনি (দুনিয়াতে) দুঃখ-কষ্ট-দুশ্চিন্তায় ছিলেন। অতঃপর তাকে জিজেস করা হয়, ‘ওমুক কী আমল করেছে? ওমুক কী আমল করেছে? ওমুক নারী কী আমল করেছে?’”

আর কাফির ব্যক্তির রুহ যখন কবয় করা হয়, এবং সেটা জমিনের দরজার কাছে নিয়ে যাওয়া হয়, তখন জমিনের রক্ষী ফেরেস্তাগণ বলেন, “এর চেয়ে অধিক দুর্গন্ধ আমরা কখনই পাইনি। তারপর সেটাকে সবচেয়ে নিম্নভূমিতে নিয়ে যাওয়া হয়।”[1]

কাতাদা রহিমাভল্লাহ বলেন, “আমাকে এক ব্যক্তি সাঁজ্ব বিন মুসাইয়িবের মাধ্যমে আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, ‘মুমিনদের রুহগুলো জাবিয়াতাইনে একত্রিত করা হয় আর কাফেরদের রুহগুলো বুরভূতে জমা করা হয়। এটা হলো হায়ারামাউতের জলাভূতিতে অবস্থিত।’”[2]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাভল্লাহ বলেন, “এই হাদীসটি মু‘আয বিন হিশাম, তার বাবা থেকে, তিনি কাতাদা থেকে, তিনি কাসামাহ বিন যুহাইর থেকে তিনি আবু হুরাইরা থেকে অনুরূপ মারফু‘ সূত্রে বর্ণনা করেছেন।

জাবিয়াতান হলো ইয়ামিনে আর বুরভূত ইয়ামানের সীমান্ত এলাকায় অবস্থিত।”

## ফুটনোট

[1] হাকিম: ১/৩৫৩; নাসাই: ৪/৮-৯।

আল্লামা শুআবাইব আল আরবানাউত রহিমাভল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাভল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/১৮৭)

[2] আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাভল্লাহ হাদীসটিকে ঘঙ্গফ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩০০২)

হাদিসের মান: সহীহ/ঘঙ্গফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92332>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন